# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 08.09.2024 Time: 7.35 A.M**

বিশেষ বিশেষ খবর –

১) আরজি কর হাসপাতালে ধর্ষণ এবং খুনের ঘটনার প্রতিবাদে আজও রাজ্যের বিভিন্ন প্রান্তে প্রতিবাদ কর্মসূচির ডাক দেওয়া হয়েছে।

বিদেশের বিভিন্ন শহরেও স্থানীয় সময় বিকেল পাঁচটায় প্রতিবাদ কর্মসূচী পালন করা হবে।

২) জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টরস ওয়েস্ট বেঙ্গল আজ ৩০-টি অভয়া ক্লিনিকে সুবিচারের দাবি সংক্রান্ত বিষয়ে নাগরিকদের অভিমত গ্রহণ করবে।

৩) আর জি কর মেডিকেল কলেজের প্রাক্তন অধ্যক্ষ ডাক্তার সন্দীপ ঘোষের বিরুদ্ধে ওঠা নানা অভিযোগের প্রেক্ষিতে রাজ্য মেডিকেল কাউন্সিল তাকে শোকজ করেছে।

৪) রাজ্য প্রশাসন নাগরিক পরিষেবা দেওয়ার কাজ সময় মতো করতে কর্মচারীদের উদ্দেশে বিস্তারিত বিজ্ঞপ্তি জারি করেছে।

৫) মেট্রো কর্তৃপক্ষ জানিয়েছে, সোম থেকে শনিবার হাওড়া ময়দান এবং এসপ্ল্যানেড থেকে আসা – যাওয়ার ট্রেনের সময়সূচীর আজ থেকে কিছুটা পরিবর্তন হবে।

oooooooooooooooooooooooo

আরজি কর হাসপাতালে ধর্ষণ এবং খুনের ঘটনার মামলায় আগামীকাল সুপ্রিম কোর্টে পরবর্তী শুনানির আরও বিচারের দাবিতে আজ রাজ্যের বিভিন্ন প্রান্তে প্রতিবাদ কর্মসূচির ডাক দেওয়া হয়েছে।গত ১৪ অগস্টের মতো আজও মেয়েদের ‘রাত দখল’ কর্মসূচির ডাক দেওয়া হয়েছে। আগের কর্মসূচির উদ্যোক্তারা এ বারও কলকাতা ছাড়িয়ে রাজ্যের অন্যান্য প্রান্তে ‘রাত দখল’ করার আহ্বান জানিয়েছেন। এদিনই আরজি কর-কাণ্ডের প্রতিবাদে পথে নামছেন টলিউডের শিল্পী এবং কলাকুশলীরা। বিকেল ৫টায় টালিগঞ্জ ট্রাম ডিপো থেকে হাজরা মোড় পর্যন্ত মিছিল করবেন তাঁরা।

রাস্তাকেই ক্যানভাস হিসাবে ব্যবহার করে ছবি আঁকার মাধ্যমে প্রতিবাদের ডাক দিয়েছে যাদবপুর আর্টিস্ট ফোরাম। রাত ৯টা থেকে গড়িয়া মোড়, গাঙ্গুলিবাগান মোড়, বাঘাযতীন মোড়, সুকান্ত সেতু এবং ৪৫ বাইপাস কানেক্টরে লিখে এবং এঁকে প্রতিবাদ জানাবেন শিল্পীদের একাংশ। সাধারণ মানুষকেও এই কর্মসূচিতে যোগদানের আহ্বান জানানো হয়েছে। কর্মসূচিটির পোস্টারে শিরোনাম হিসাবে লেখা হয়েছে, “মুছবি যত, আঁকব তত।”

রাত দখলের পাশাপাশি সোমবার ভোর দখলেরও আহ্বান জানানো হয়েছে। সকাল ৬টায় ‘ক্যান্টিন আর্ট কালেক্টিভ’-এর মেয়েরা অ্যাকাডেমি অফ ফাইন আর্টসের সামনে নাটকের মাধ্যমে আরজি কর-কাণ্ডের প্রতিবাদ জানাবেন। উদ্যোক্তাদের তরফে জানানো হয়েছে, রবিবার রাত থেকেই শুরু হবে ‘মেয়েদের থিয়েটার’। আরজি কর-কাণ্ডের এক মাস পূর্তিতে রাত ৮টা থেকে ১০টা পর্যন্ত শ্যামবাজার, ঢাকুরিয়া, যাদবপুর এইট-বি বাসস্ট্যান্ডের সামনে অবস্থান কর্মসূচি চলবে। ৯ অগস্ট আরজি কর হাসপাতালে ধর্ষণ এবং খুনের ঘটনা ঘটেছিল। সে কথা মাথায় রেখে ৯ মিনিট মৌনীব্রত পালন করবেন অবস্থান বিক্ষোভে অংশগ্রহণকারীরা।

দ্রুত বিচার চেয়ে পথে নামছেন রিকশাচালকেরা। আজ বিকেল ৪টেয় হেদুয়ায় শুরু হবে মিছিল। যাবে কলেজ স্ট্রিট পর্যন্ত। কর্মসূচির নাম দেওয়া হয়েছে 'তিলোত্তমার বিচারের দাবিতে রিকশা-শ্রমিকদের মিছিল'। প্রতিবাদ শুধু কলকাতা, রাজ্য বা দেশের মধ্যেই সীমাবদ্ধ থাকছে না। রবিবার আমেরিকা, ব্রিটেন-সহ বিশ্বের উন্নত এবং উন্নয়নশীল দেশগুলির রাজধানী-সহ একাধিক শহরে বিক্ষোভ-প্রতিবাদ কর্মসূচির ডাক দেওয়া হয়েছে। প্রতিটি দেশেই স্থানীয় সময় অনুযায়ী বিকেল ৫টায় এই বিক্ষোভ কর্মসূচি শুরু হবে। কোনও কোনও জায়গায় মানববন্ধন কর্মসূচিরও ডাক দেওয়া হয়েছে।

আজ রাত আটটা থেকে সোদপুর থেকে শ্যামবাজার পর্যন্ত বিটি রোড বরাবর মানববন্ধন কর্মসূচীর ডাক দিয়েছে কয়েকটি সংগঠন।

দক্ষিণ কলকাতার সমস্ত স্কুলে প্রাক্তনীদের উদ্যোগে আজ বিকেল চারটেয় গড়িয়াহাট থেকে রাসবিহারী মোড় পর্যন্ত প্রতিবাদ মিছিল হবে। ইতমধ্যেই ৪৯-টি স্কুলের প্রাক্তনীদের সংগঠন এই মিছিলে থাকার সম্মতি জানিয়েছেন।

এদিকে অর্জুন পুরস্কার জয়ী টেবিল টেনিস খেলোয়াড় মান্তু ঘোষের ডাকে শিলিগুড়ির হাসমি চকে জমায়েতের ডাক দেয়া হয়েছে সোমবার ভোরে। সারা রাজ্যে মঙ্গল প্রার্থনা এবং শপথ বাক্য পাঠের ডাক দিয়েছেন মান্তু। ভোর চারটা থেকে ছয়টা পর্যন্ত চলবে এই কর্মসূচি।

oooooooooooooooooooo

জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টরস ওয়েস্ট বেঙ্গল আজ বিকাল ৩-টেয় নীলরতন সরকার মেডিকেল কলেজ থেকে ধর্মতলা পর্যন্ত মহা মিছিলের ডাক দিয়েছে। এই মিছিলে যোগ দেওয়ার জন্য সমস্ত স্তরের চিকিৎসক, স্বাস্থ্যকর্মী, জনসাধারণ, মেডিকেল ছাত্র ও তাদের অভিভাবকদের আহ্বান জানানো হয়েছে। পাশাপাশি সমস্ত স্কুল, কলেজ, এলাকাভিত্তিক সংগঠনগুলিকেও এই মিছিলে আহবান জানানো হয়েছে।

এদিকে, জয়েন্ট প্ল্যান্টফর্ম অফ ডক্টরস পরিচালিত তিরিশটি অভয়া ক্লিনিকে আজ সুবিচারের দাবি সংক্রান্ত বিভিন্ন বিষয়ে নাগরিকদের অভিমত গ্রহণ করার সিদ্ধান্ত ঘোষণা করা হয়েছে।

ooooooooooooooooo

আর জি কর কান্ডে সুবিচারের দাবিতে গতকালও পথে নামেন সমাজের সর্বস্তরের মানুষ। চিকিৎসকদের নিরাপত্তা দিতে রাজ্য সরকারের ব্যর্থতা এবং ঘটনার দ্রুত কিনারা করতে সিবিআই-এর দীর্ঘ সূত্রতার অভিযোগে চিকিৎসক, নার্স ও স্বাস্থ্য কর্মীরা রাজভবন অভিযান করেন। নীলরতন সরকার মেডিকেল কলেজ থেকে মিছিল করে তারা ধর্মতলা পৌঁছন।

মেডিকেল সার্ভিস সেন্টারের ডাকে এতে যোগ দেন বহু প্রবীণ চিকিৎসক ও সাধারণ মানুষ।

পরে চার চিকিৎসক এবং একজন নার্স-এর প্রতিনিধি দল রাজভবনে গিয়ে রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোসের কাছে ডেপুটেশন জমা দিতে যান। তবে, রাজ্যপালের সঙ্গে তাঁদের সাক্ষাৎ হয়নি ।

এদিকে, সাংবাদিক বৈঠক করে আন্দোলনরত জুনিয়ার চিকিৎসকেরা, মেডিকেল কলেজগুলিতে ভয়ের পরিবেশ থেকে মুক্তির পক্ষে সওয়াল করেন।

আর জি করের নিহত চিকিৎসক ছাত্রীর ন্যায় বিচারের দাবিতে বেলঘড়িয়া ক্লাব সমন্বয় প্রতিষ্ঠান সমিতির অধীনে ইস্টবেঙ্গল, মোহনবাগান, মহামেডান স্পোর্টিং ক্লাব সমর্থকরা গত রাতে বেলঘড়িয়া রথতলা মোড়ে জমায়েত করে ও জাস্টিস ফর আর জি কর স্লোগান তোলে।

যাদবপুর, বেহালায় সাধারণ নাগরিকরা রাস্তায় নেমে প্রতিবাদে অংশ নেন। শ্লোগান এবং গানের পাশাপাশি রাস্তায় ছবিও আঁকা হয়।

oooooooooooooooooooo

এদিকে, হাইকোর্টের অনুমতি নিয়ে হাওড়ার আমতার মৃত ছাত্র নেতা আনিসের বাবা সালেম খান শ্যামবাজারে গতকাল থেকে ধর্নায় বসেছেন। আর জি কর কান্ডের প্রতিবাদে ধর্নায় বসার জন্য তাঁর আবেদন মঞ্জুর করে বিচারপতি রাজর্ষী ভরদ্বাজের বেঞ্চ জানিয়েছেন, দুপুর ২-টো থেকে রাত ৯-টা পর্যন্ত ধর্নায় বসা যাবে।

অন্যদিকে, রাজনৈতিক দলগুলির তরফেও প্রতিবাদ বিক্ষোভ অব্যাহত। বিজেপি আগামী ১৬ তারিখ পর্যন্ত ধর্মতলায় ধর্নার পাশাপাশি প্রতিটি গ্রাম পঞ্চায়েতে পথসভা করবে।

দোষীদের দ্রুত শাস্তি এবং পুলিশ কমিশনারের অপসারণের দাবিতে সিপিআইএম আগামীকাল লালবাজার চলো অভিযানের ডাক দিয়েছে। বিকেল তিন-টেয় ধর্মতলায় লেনিন মূর্তির সামনে থেকে জমায়েত করে মিছিল এগিয়ে যাবে লালবাজারের দিকে।

oooooooooooooooooooo

আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সিবিআই হেফাজতে থাকে সন্দীপ ঘোষের বিরুদ্ধে ওঠা নানা অভিযোগের প্রেক্ষিতে রাজ্য মেডিকেল কাউন্সিল তাকে শোকজ করেছে। তার রেজিস্ট্রেশন কেন বাতিল করা হবে না বে বিষয়ে ৭২ ঘণ্টার মধ্যে সন্দীপকে কারণ দর্শাতে বলা হয়েছে। ব্যাখ্যা সন্তোষজনক না হলে তার রেজিস্ট্রেশন বাতিল করা হতে পারে। এর আগে রাজ্য স্বাস্থ্য দফতর তাকে সাসপেন্ড করে। গত ২৮-শে আগস্ট ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন থেকেও তাঁকে সাসপেন্ড করা হয়।

oooooooooooooooooooooo

বর্ধমান মেডিক্যাল কলেজের ক্যান্টিন দখল করারও অভিযোগ উঠল আর জি কর কাণ্ডের জেরে সাসপেন্ড হওয়া চিকিৎসক অভীক দের বিরুদ্ধে। ক্যান্টিন মালিক কার্তিক ঘোষ দাবি করেন, ক্যান্টিন কমিটির সদস্য অভীক দে জোর করে তাঁদের উচ্ছেদ করে

নিজের পছন্দমতো লোক বসান। ক্যান্টিনের পাশে একটি জেরক্স মেশিনও বসান। কার্তিকবাবুর অভিযোগ, ক্যান্টিন দখল ও জেরক্স মেশিন বসানো-- দুটিই বেআইনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পরিকাঠামো উন্নয়ন ও মানুষকে পরিষেবা দেওয়ার কাজ দ্রুততার সঙ্গে এবং ঠিকমতো করতে রাজ্য সরকার কর্মীদের নির্দেশ দিয়েছে। সরকারি কর্মচারীদের অফিসে অনুপস্থিত থাকা বা কাজে ফাঁকি দেওয়া বরদাস্ত করা হবে না। তা সার্ভিস রুলের লঙ্ঘন হিসাবেই দেখা হবে বলে রাজ্যের নতুন মুখ্যসচিব মনোজ পন্থ জানিয়েছেন। সরকারি দফতরের কার্য প্রণালী নিয়ে এক বিস্তারিত বিজ্ঞপ্তি জারি করে মুখ্যসচিব জানিয়েছেন, লোকসভা ভোটের কারণে এমনিতেই কাজকর্মের গতি শ্লথ হয়েছে। তার পর বিক্ষিপ্ত ভাবে কিছু জেলায় প্রাকৃতিক দুর্যোগের ঘটনাও ঘটেছে। যে কারণে প্রায় চার মাস সরকারি দফতরের কাজকর্ম গতি হারিয়েছে। সেই গতি ফিরিয়ে আনতে সবাইকে আরও সক্রিয় হয়ে কাজ করতে হবে বলে তিনি নির্দেশ দিয়েছেন। পরিকাঠামো নির্মাণের কাজ দক্ষতা ও দ্রুততার সঙ্গে করতে হবে। সেই সঙ্গে নাগরিক পরিষেবার কাজ যেমন গ্রামীণ আবাস, গ্রামীণ কর্মসংস্থান, শিক্ষা, স্বাস্থ্য, পানীয় জল সরবরাহ ইত্যাদি প্রকল্পের কাজে নজর দিতে হবে বলে ওই নির্দেশিকায় জানানো হয়েছে। তাছাড়া প্রান্তিক মানুষকে সরকার যে আর্থিক সুবিধা দেয় তা যথাযথভাবে পৌঁছে দিতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দার্জিলিং-এর মাটিগাড়ায় স্কুল ছাত্রীকে ধর্ষণ ও খুনের ঘটনায় মূল অভিযুক্ত মহম্মদ আব্বাসকে মৃত্যুদন্ডের সাজা দিয়েছে শিলিগুড়ি আদালত। অতিরিক্ত নগর দায়রা বিচারক অনিত মেহেত্রা মাথুর গতকাল এই সাজা ঘোষণা করেন। ২০২৩ সালের ২১-শে আগস্ট মাটিগাড়ায় জঙ্গলের ভেতর একটি পরিতক্ত ঘর থেকে একাদশ শ্রেণীর ছাত্রীর দেহ উদ্ধার হয়। ধর্ষণের পর মহম্মদ আব্বাস তাঁকে খুন করে। সমস্ত সাক্ষ্য

প্রমাণ খতিয়ে দেখে তাঁকে দোষী সাব্যস্ত করে আদালত। সরকারী আইনজীবী জানিয়েছেন, ঘটনার এক বছর ১৪ দিনের মাথায় এই মামলার নিষ্পত্তি হলো।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রাইভেট টিউশনে এক ছাত্রীকে যৌন হেনস্থার অভিযোগ উঠেছে এক অধ্যাপকের বিরুদ্ধে। পুরুলিয়ার ওই ঘটনার প্রতিবাদে এবং প্রকৃত তদন্তের দাবিতে গতকাল ৬০-এ জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখিয়েছেন পুরুলিয়া শহরের একটি কলেজের ছাত্রীরা। অভিযোগের ভিত্তিতে অধ্যাপক আপাতত জেল হেফাজতে। তাকে সাসপেন্ড করা হয়েছে বলে কলেজের অধ্যক্ষ ইন্দ্রানী দেব জানিয়েছেন।

এদিকে, পূর্ব বর্ধমানের কাটোয়োর আলমপুর পঞ্চায়েত এলাকায় সাড়ে চার বছরের একটি শিশুকে ধর্ষণে অভিযুক্ত এক ব্যক্তিকে দ্রুততার সঙ্গে গ্রেফতার করেছে পুলিশ। সেমন্ত মাঝি, ওরফে চরণ নামে ওই ব্যক্তি একটি জমির মধ্যে লুকিয়ে ছিল বলে পুলিশ সূত্রের খবর। দ্রোণ ক্যামেরার সাহায্যে নজরদারি চালিয়ে দাঁইহাটের বিকিহাট এলাকার জঙ্গল থেকে চরণকে পাকড়াও করা হয়। পকসো আদালতের বিচারক তার ৬ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

শুটিং চলাকালীন এক অভিনেত্রীকে যৌন হেনস্তার অভিযোগে পশ্চিমবঙ্গের চলচ্চিত্র পরিচালকদের সংস্থা ডিরেক্টরস গিল্ড অভিনেতা ও পরিচালক অরিন্দম শীলকে অনির্দিষ্টকালের জন্য সাসপেন্ড করেছে। গিল্ড সভাপতি পরিচালক সুব্রত সেন জানিয়েছেন, তিনি নির্দোষ প্রমানিত না হওয়া পর্যন্ত সাসপেনশন বহাল থাকবে। অরিন্দমবাবু সংবাদমাধ্যমে জানান, তাঁর সঙ্গে কথা না বলে গিল্ড এই সিদ্ধান্ত নিয়েছে। সেটে উপস্থিত অনেকেই, তিনি যে নির্দোষ সেই সাক্ষ্য দিতে পারবেন। যদিও মহিলা কমিশনে দেওয়া এক চিঠিতে অরিন্দমবাবু ভুল স্বীকার করে দুঃখপ্রকাশ করেছেন।

oooooooooooooooooooo

হাওড়া ময়দান থেকে এসপ্ল্যানেড মেট্রো রুটের সময়সূচীতে পরিবর্তন হচ্ছে। আজ থেকে মূলত শেষ ট্রেন ছাড়ার সময় পাল্টাচ্ছে।

মেট্রো কর্তৃপক্ষ জানিয়েছে, সোম থেকে শনিবার সকাল ৭-টার পরিবর্তে হাওড়া ময়দান থেকে এসপ্ল্যানেডের দিকে মেট্রো ছাড়বে ৭-টা ১০ মিনিটে। আবার শেষ মেট্রো হাওড়া ময়দান থেকে ৯-৪৫-এর পরিবর্তে ৯-টা ৪৬-এ ছাড়বে।

অন্যদিকে, এসপ্ল্যানেড থেকে হাওড়া ময়দানের দিকে শেষ মেট্রো ছাড়বে ৯-টা বেজে ৫৬ মিনিটে। যা আগে ছিল ৯-টা বেজে ৪৫ মিনিট।

রবিবারে এসপ্ল্যানেড থেকে হাওড়া ময়দানের দিকে প্রথম মেট্রো দুপুর ২-১৫-র পরিবর্তে ২-টো ৩০ মিনিটে। শেষ মেট্রো হাওড়া ময়দান থেকে এসপ্ল্যানেডের দিকে যাবে ৯-টা ৪৫-এর পরিবর্তে ৯-টা ৪০-এ এবং এসপ্ল্যানেড থেকে হাওড়া ময়দানের দিকে শেষ মেট্রো ৯-টা ৪৫-এর বদলে ৯টা ৫০ মিনিটে ছাড়বে।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooo